যুগান্তর

তারিখ ... JUN 2003 ...
১০ ... কলাম ... ৭ ......

# এইচএসসি : তৃতীয় দিনে বহিষ্কার ৫ শতাধিক

যুগান্তর ডেস্ক

এইচএসসি পরীক্ষার তৃতীয় দিনে রোববার অনুষ্ঠিত বাংলা প্রথম পত্রে সারাদেশে অসদুপায় অবলম্বনের দায়ে বহিষ্কৃত হয়েছে পাঁচ শতাধিক পরীক্ষার্থী। বিস্তারিত খবর পাঠিয়েছেন যুগান্তর প্রতিনিধিরা :

**সিলেট ব্যুরো** : সিলেট শিক্ষা বোর্ডের অধীনে গতকাল অনুষ্ঠিত বাংলা প্রথম পত্রে ৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে সিলেট জেলায় ২, মৌলভীবাজারে ১, হবিগঞ্জে ২ ও সুনামগঞ্জে ৪ জন। গতকাল ১৭ হাজার ২৯০ জন পরীক্ষার্থীর মধ্যে ১৬ হাজার ১১৭ জন উপস্থিত ছিল। অনুপস্থিত ছিল ১ হাজার ১৭৩ জন। জেলাওয়ারী সিলেটে আট হাজার পরীক্ষার্থীর মধ্যে ৩৮৯ জন অনুপস্থিত ছিল। হবিগঞ্জে ২ হাজার ৮৭১ জনের মধ্যে ৭০ জন, মৌলভীবাজারে তিন হাজার ৪৫৬ জনের মধ্যে ১৪১ জন ও সুনামগঞ্জে ২ হাজার ৭০৮ জনের মধ্যে ৭৩ জন অনুপস্থিত ছিল।

**নালিতাবাড়ী (শেরপুর)** : শেরপুরের নকলা উপজেলায় উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নকল ধরার অপরাধে বহিষ্কৃত ছাত্ররা এক পরিদর্শকের বাসায় হামলা চালিয়ে কাজের মেয়েকে আহত ও বাসা ভাংচুর করেছে। ঘটনাটি ঘটেছে শনিবার রাত সাড়ে ১১টায়। পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন, শনিবার ইংরেজি দ্বিতীয় পত্র পরীক্ষা চলাকালে অসদুপায় অবলম্বনের দায়ে নকলা চৌধুরী হবরুননেছা মহিলা কলেজ কেন্দ্র থেকে পরিদর্শক প্রভাষক মোজাম্মেল হক মুখলেসুর রহমান, সাদেকুজ্জামান, জুয়েল ও শাখাওয়াৎ হোসেন নামে ৪ জন ছাত্রকে বহিষ্কার করেন। এতে ওই ছাত্ররা ক্ষুব্ধ হয়ে রাতে পরিদর্শকের বাসায় ইটপাটকেল ছুড়ে ও ভাংচুর করে। এ সময় ইটের আঘাতে বাসার কাজের মেয়ে আহত হয়। ঘটনার সময় প্রভাষক বাসায় ছিলেন না। ঘটনার ব্যাপারে নকলা থানায় দ্রুত বিচার আইনে মামলা হয়েছে। পুলিশ অভিযুক্ত ৪ ছাত্রকে গ্রেফতার করেছে।

**বরিশাল ব্যুরো** : বাংলা পরীক্ষায় বরিশাল বোর্ডে ২৮ জনকে নকলের দায়ে বহিষ্কার করা হয়েছে। এদের মধ্যে বরিশালে ৬, পটুয়াখালীতে ৩, পিরোজপুরে ২, ভোলায় ১৩, বরগুনায় ১ এবং ঝালকাঠিতে ৩ জনকে বহিষ্কার করা হয়। এদিকে মাদ্রাসা বোর্ডের পরীক্ষায় বাখিয়ায় ১, সাগরদীতে ২, গৌরনদীতে ৩ এবং বাকেরগঞ্জ থেকে ৪ জনকে নকল করার অভিযোগে বহিষ্কার করা হয়েছে। বাকেরগঞ্জ মাদ্রাসা কেন্দ্র থেকে চরগজারিয়া মাদ্রাসার শিক্ষক মোঃ সোলায়মান এবং পাদ্রিশিবপুর মাদ্রাসার শিক্ষক মোঃ রফিক উদ্দিনকে বহিষ্কার করা হয়। হলে ছাত্রদের কাছে নকল পাওয়ার কারণে ওই শিক্ষকরা বহিষ্কৃত হন।

**জয়পুরহাট** : রোববার অসদুপায় অবলম্বনের দায়ে জেলার একমাত্র ক্ষেতলাল উপজেলার সৈয়দ আলতাফুন্নেছা ডিগ্রি কলেজ কেন্দ্র থেকে ২ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে। জেলার কলেজ কেন্দ্রগুলোতে সম্পূর্ণ নকলমুক্ত পরিবেশে পরীক্ষা সম্পন্ন হলেও মাদ্রাসা কেন্দ্রগুলোতে পুরোপুরি নকল বন্ধ হয়নি বলে অভিযোগ পাওয়া গেছে। মাদ্রাসা বোর্ডের কামিল পরীক্ষায় জয়পুরহাট সদর উপজেলার বড়ই মাদ্রাসা কেন্দ্র থেকে ১ জন বহিষ্কৃত হয়েছে।

**শাহজাদপুর** : বাংলা প্রথম পত্র পরীক্ষা চলাকালে শাহজাদপুর সরকারি কলেজ কেন্দ্রে নকলের দায়ে ১০ জন বহিষ্কার হয়েছে বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে।

**ঝালকাঠি** : বিভিন্ন পরীক্ষা কেন্দ্র থেকে এইচএসসির তিনজন, মাদ্রাসার ২৯ জন ও এইচএসসি ভোকেশনালের পাঁচজনসহ মোট ৩৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে এইচএসসিতে আমুয়ায় ২ জন ও নলছিটিতে ১ জন, এইচএসসি ভোকেশনালে মোল্লারহাটে ৩ জন ও আমুয়ায় ২ জন এবং মাদ্রাসায় ঝালকাঠিতে ১২ জন, রাজাপুরে ১৮ জন ও আমুয়ায় ১ জনকে বহিষ্কার করা হয়।

**যশোর** : রোববার এইচএসসি পরীক্ষার তৃতীয় দিনেও যশোরে নকলমুক্ত পরিবেশে বাংলা প্রথম পত্র পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে, কোথাও কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। এদিন নকল করার অভিযোগে যশোর শিক্ষা বোর্ড থেকে মাত্র ২৬ জন ছাত্রছাত্রীকে বহিষ্কার করা হয়েছে। জেলাওয়ারি বহিষ্কারের সংখ্যা হচ্ছে যশোরে ৪, খুলনায় ৫, মেহেরপুরে ৫, কুষ্টিয়ায় ৫, বাগেরহাটে ৩, চুয়াডাঙ্গায় ২, ঝিনাইদহে ১ ও সাতক্ষীরায় ১ জন। মাগুরা ও নড়াইল থেকে কেউ বহিষ্কার হয়নি।

**নীলফামারী** : এইচএসসি, মাদ্রাসা ও কারিগরি পরীক্ষার তৃতীয় দিনে মোট ২৪ জন পরীক্ষার্থীকে নকল করার দায়ে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে এইচএসসিতে ৩ জন, মাদ্রাসায় ১৬ জন এবং কারিগরি পরীক্ষায় ৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

**গোপালগঞ্জ** : পরীক্ষায় নকল করার দায়ে গোপালগঞ্জে ৪ জনকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে গোপালগঞ্জ সদর উপজেলার শেখ ফজিলাতুন্নেছা মহিলা কলেজ কেন্দ্রে ১, কাশিয়ানীতে ১, মুকসুদপুরে ১ ও টুঙ্গিপাড়ায় ১ জনকে বহিষ্কার করা হয়েছে।

**ত্রিশাল (ময়মনসিংহ)** -:, ময়মনসিংহের ত্রিশালে এইচএসসি বাংলা প্রথম পত্র পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ১ জনকে বহিষ্কার করা হয়েছে। কারিগরি বাণিজ্যিক কলেজের ২ জনকে বহিষ্কার করা হয়েছে। এদিকে আলিম, ফাজিল দাখিল পরীক্ষায় ত্রিশাল আকাসিয়া আলিয়া মাদ্রাসা কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে ৫ জনকে বহিষ্কার করা হয়েছে।

**গাজীপুর** : রোববার গাজীপুরের ১৬টি কলেজ কেন্দ্রের মধ্যে ৪টি কেন্দ্র থেকে মোট ৫ ছাত্রছাত্রীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে কালীগঞ্জ শ্রমিক কলেজ কেন্দ্রে ১, কাজী আজিম উদ্দিন কলেজ কেন্দ্রে ১, গাজীপুর ক্যান্টনমেন্ট বোর্ড কলেজ কেন্দ্রে ১ ও শ্রীপুর বিশ্ববিদ্যালয় কলেজ কেন্দ্রে ২ জন। এছাড়া দুর্বাটি এমইই কামিল মাদ্রাসা কেন্দ্র থেকে ৩ জনকে বহিষ্কার করা হয়েছে।

**কুড়িগ্রাম** : রোববার জেলার ১৩টি কেন্দ্রে ২১ জন বহিষ্কার হয়েছে। এদের মধ্যে চিলমারী ডিগ্রি কলেজ কেন্দ্রে ৮ জন, উলিপুর কেন্দ্রে ৬ জন, রৌমারী কেন্দ্রে ৪ জন, নাগেশ্বরী কেন্দ্রে ১ জন ও ফুলবাড়ি কেন্দ্রে ২ জন। অপরদিকে মাদ্রাসা বোর্ডের পরীক্ষায় জেলায় ২৫ জন বহিষ্কার হয়।

**শ্রীপুর (গাজীপুর)** : শ্রীপুরের বরমী বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের দায়ে ২ ছাত্রীকে বহিষ্কার করা হয়।

**কুমিল্লা** : কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষার তৃতীয় দিনের বাংলা প্রথম পত্র পরীক্ষা শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে। কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। বোর্ডের অধীনে ৬টি জেলায় পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে মোট ২২ জন ছাত্রছাত্রীকে বহিষ্কার করা হয়েছে। জেলাওয়ারি বহিষ্কৃতদের তালিকা হল : কুমিল্লায় ৬ জন, চাঁদপুরে ২ জন, ব্রাহ্মণবাড়িয়ায় ৮ জন, ফেনীতে ১ জন, লক্ষ্মীপুরে ৩ জন এবং নোয়াখালীতে ৪ জন।

**গাইবান্ধা** : রোববার গাইবান্ধার বিভিন্ন কেন্দ্রে অসদুপায় অবলম্বনের দায়ে ১৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে সাদুল্যাপুর ডিগ্রি কলেজ কেন্দ্রে ২ জন, নলডাংগা ডিগ্রি কলেজে ৫ জন, ধর্মপুর আবদুল জব্বার কলেজে ২ জন, পলাশবাড়ী সরকারি কলেজে ১ জন, পলাশবাড়ী মহিলা কলেজে ১ জন, পলাশবাড়ী আদর্শ কলেজে ১ জন, গোবিন্দগঞ্জ মহিলা কলেজে ৫ জন, কামদিয়া নুরুল হক ডিগ্রি কলেজে ১ জন ও মহিমাগঞ্জ কলেজ কেন্দ্রে অপর ১ জন বহিষ্কৃত হয়েছে।

**দৌলতপুর** : রোববার কুষ্টিয়ার দৌলতপুরে ২ কেন্দ্রে ১ জন বহিষ্কার হয়েছে। কর্তব্যরত ম্যাজিস্ট্রেট দৌলতপুর ডিগ্রি কলেজ কেন্দ্র থেকে নকলের দায়ে ১ জনকে বহিষ্কার করে।

**লক্ষ্মীপুর** : লক্ষ্মীপুরে এইচএসসি পরীক্ষার তৃতীয় দিনে ৮টি কেন্দ্র থেকে নকলের দায়ে ৩ জন ছাত্রছাত্রীকে বহিষ্কার করা হয়েছে। এছাড়া মাদ্রাসা পরীক্ষার ৬টি কেন্দ্র থেকে অসদুপায় অবলম্বনের অভিযোগে ২১ জন ছাত্রছাত্রীকে বহিষ্কার করা হয়েছে। পুলিশ কন্ট্রোল রুম সূত্রে জানা গেছে, কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি।

**রংপুর** : আলিম ও ফাজিল পরীক্ষার তৃতীয় দিনে রোববার পঞ্চগড় উচ্চ বিদ্যালয় কেন্দ্রে অবৈধ কাগজসহ নকল রাখার অভিযোগে ২ মাদ্রাসা পরীক্ষার্থীকে বহিষ্কার করে জেলহাজতে পাঠানো হয়েছে। এরা হল- হাফিজুর রহমান (রোল-১২১৩৬৯) ও শওকত আলী (৪০৭৫০০)। এছাড়া একই পরীক্ষায় ৩১ জনকে, এইচএসসি পরীক্ষায় ২৫ জন ও ভোকেশনাল ব্যবসা-ব্যবস্থাপনা গ্রুপের পরীক্ষায় ৬ জনকে বহিষ্কার করা হয়েছে।